Upload 24/9/20

মুজিব শতবর্ষ MUJIB 100

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৮.১৯-৮৯৬৯ তারিখঃ ২৪-০৩-২০২০ খ্রি. / ১০-১২-১৪২৬ বং

## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর "কৃষি যন্ত্রপাতি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ এর প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 18MLR (AD) 372 এর আলোকে তিনটি পর্যবেক্ষণ অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগে সিপিএলএ নং-৮৮৬/২০১৭ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে গত ১৫-০৩-২০১৮ তারিখ কয়েকটি শর্ত আরোপ করে আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে ৪৩৪/২০১৮নং সিআরপি মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ২৫-১০-২০১৮ তারিখ সিআরপি মামলাটি ডিসমিস করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৪২৫০/২০১৬ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৮৮৬/২০১৭ এবং সিভিল রিভিউ পিটিশন নং-৪৩৪/২০১৮ এর রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে রাজস্বখাতে আত্মীকরণ (Absorb) করা হলো।

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মিলন মজুমদার<br>পিতা- মৃত বিধান মজুমদার<br>মাতা- মৃত শিখা মজুমদার<br>গ্রামঃ সাতলা, ডাকঘরঃ সাতলা, উপজেলাঃ উজিরপুর, জেলাঃ বরিশাল<br>তারিখ: ১১-০৯-১৯৮৩ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | বরিশাল | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, হাটহাজারী, চট্টগ্রাম | |
| ২। | মোঃ তরিকুল ইসলাম<br>পিতা- মোঃ আবুল কাশেম মুন্সী<br>মাতা- মোছাঃ হাজেরা খাতুন<br>গ্রামঃ সাতনাফুরিয়া, ডাকঘরঃ তালখড়ী, উপজেলাঃ শালিখা, জেলাঃ মাগুরা<br>জন্ম তারিখ: ০১-০২-১৯৮৪ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | মাগুরা | আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, যশোর | |
| ৩। | নরোত্তম বিশ্বাস<br>পিতা- নারোদ চন্দ্র বিশ্বাস<br>মাতা- কালীদাসী বিশ্বাস, গ্রামঃ দোরান নগর, ডাকঘরঃ মালাই নগর, উপজেলাঃ শ্রীপুর, জেলাঃ মাগুরা<br>জন্ম তারিখ: ২১-০৮-১৯৮৫ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | মাগুরা | এফএমপিই বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর | |
| ৪। | মোঃ পলাশ হোসেন<br>পিতা- মোঃ শাহাদৎ হোসেন<br>মাতা- মোছাঃ আমেনা বেগম<br>গ্রামঃ কালীচরণপুর, পোঃ-কালীচরণপুর, উপজেলাঃ ঝিনাইদহ, জেলাঃ ঝিনাইদহ<br>জন্ম তারিখ: ০৯-০৮-১৯৮৭ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | ঝিনাইদহ | আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, মাগুরা | |
| ৫। | মোঃ সুজন হোসেন<br>পিতা- মোঃ লিয়াকত আলী<br>মাতা- মর্জিনা খাতুন<br>গ্রামঃ তেকাটি, ডাকঘরঃ পদমদী, উপজেলাঃ বালিয়াকান্দি, জেলাঃ রাজবাড়ী<br>জন্ম তারিখ: ২৪-০৬-১৯৮৮ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | রাজবাড়ী | সরেজমিন গবেষণা বিভাগ, ফরিদপুর | |

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬। | মোঃ নাসির উদ্দিন<br>পিতা- আব্দুর রাজ্জাক<br>মাতা- রাজিয়া খাতুন<br>গ্রামঃ শিকজান, ডাকঘরঃ চন্ডিপুর, উপজেলাঃ কালুখালি, জেলাঃ রাজবাড়ী<br>জন্ম তারিখ: ৩১-১২-১৯৮৮ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | রাজবাড়ী | সরেজমিন গবেষণা বিভাগ, গোপালগঞ্জ | |
| ৭। | মোঃ ছামিউল ইসলাম<br>পিতা- মোঃ আব্দুস সামাদ মিয়া<br>মাতা- মোছাঃ খুকি মাই<br>গ্রামঃ কেক্তারপাড়া, ডাকঘরঃ ঠুঠিয়াপাকুর, উপজেলাঃ পলাশবাড়ী, জেলাঃ গাইবান্ধা<br>জন্ম তারিখ: ১৩-১২-১৯৯১ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | গাইবান্ধা | উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বারি, জয়দেবপুর, গাজীপুর | |
| ৮। | মোঃ সুমন মিয়া<br>পিতা-মোঃ মোউসলেম উদ্দিন সরকার<br>মাতা- মোছাঃ কহিনুর বেগম<br>গ্রামঃ তালুক ঘোড়াবান্ধা, ডাকঘরঃ চরেরহাট, উপজেলাঃ পলাশবাড়ী, জেলাঃ গাইবান্ধা<br>জন্ম তারিখ: ০৪-০৬-১৯৯২ | অফিস সহায়ক | ৮২৫০/-<br>৮২৫০-২০০১০/-<br>(গ্রেড-২০) | গাইবান্ধা | সরেজমিন গবেষণা বিভাগ, নোয়াখালী | |

**শর্তাবলীঃ**

১। যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫। মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা ইনস্টিটিউটে একটি বিশেষ নিয়োগ হিসেবে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

৬। সিপিএলএ মামলা নং-৮৮৬/২০১৮ অনুযায়ী মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ১৫-০৩-২০১৮ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাদেরকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।

৭। এতদবিষয়ে সংশ্লিষ্ট মামলাসমূহ প্রত্যাহারপূর্বক সার্টিফাইড কপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৮। আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৯। প্রাথমিক অবস্থায় তারা ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাদেরকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

১০। শিক্ষানবীশ থাকাকালে তারা ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

১১। শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তারা কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

১২। চাকরিতে স্থায়ী হওয়ার পর তারা তাদের অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তারা ইনস্টিটিউটকে তাদের তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তারা তাদের চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।

১৩। অন্যান্য বিষয়ে তাদের চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনটিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণীতব্য বিধি বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে।